বি: দ্রঃ কৃষি শিক্ষা (অধ্যায়: ৪র্থ (পরিচ্ছেদ - ১ম, ২য়) (পৃষ্ঠা: ৯৪-১২৭)) ও গার্হস্থ্য বিজ্ঞান (অধ্যায়: দশম ও চতুর্দশ) বিষয়ের বিশেষ অনুশীলন আগামী ০৭/০৬/২০২০ রবিবার অনুষ্ঠিত হবে।

**বিশেষ অনুশীলন - ২০২০**

**দশম শ্রেণি** **বিষয় কোড- ১৫২**

**ফিন্যান্স ও ব্যাংকিং (অধ্যায়-৫,৬,৭)**

**মোট সময়: ১ ঘন্টা ১৫ মিনিট** **পূর্ণমান: ৫০**

**(বি:দ্রঃ সৃজনশীল ও বহুনির্বাচনি অংশের সকল প্রশ্নের উত্তর দিতে হবে)**

**বহুনির্বাচনি অংশ (সময়: ৩০ মিনিট এবং পূর্ণমান ৩০)**

১। মূলধন বাজেটিং প্রক্রিয়ার ধাপ নয় কোনটি?
(ক) নগদ প্রবাহ প্রাক্কলন (খ) বাট্টার হার নির্ধারণ (গ) গড় মুনাফার হার নির্ধারণ (ঘ) মূলধন বাজেটিং পদ্ধতির প্রয়োগ

২। মূলধন বাজেটিং প্রক্রিয়ায় বাট্টার হার নির্ধারণ করা খুবই গুরত্বপূর্ণ কেন?
(ক) ভবিষ্যত নগদ প্রবাহকে বর্তমান মূল্যে রূপান্তর করার জন্য (খ) প্রকল্পের আয়-ব্যয় বিশ্লেষণ করার জন্য
(গ) প্রকল্পের আয়-ব্যয় নির্ধারণ করার জন্য (ঘ) বর্তমান নগদ প্রবাহকে ভবিষ্যত মূল্যে রূপান্তর করার জন্য

৩। মূলধন ব্যয় এর সংশ্লিষ্টতা রয়েছে- i. বকেয়া বেতন ii. ব্যাংক জমাতিরিক্ত ঋণ iii. ডিবেঞ্চার
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও
'করণ লিমিটেড'-এর প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০ লক্ষ শেয়ার রয়েছে। কোম্পানি চলতি বছর তার শেয়ারহোল্ডারদের লভ্যাংশ হিসেবে ৩ ঃ ২ অনুপাতে অতিরিক্ত শেয়ার প্রদানের ঘোষণা দেয়।

৪। কোম্পানির ঘোষণাকৃত নতুন শেয়ার কোন ধরনের?
(ক) বিলম্বিত শেয়ার (খ) বোনাস শেয়ার (গ) রাইট শেয়ার (ঘ) অগ্রাধিকার শেয়ার

৫। উক্ত শেয়ার প্রদানের ফলে কোম্পানির-
i. শেয়ারহোল্ডার সংখ্যা বৃদ্ধি পাবে ii. শেয়ার সংখ্যা বৃদ্ধি পাবে iii. শেয়ার মূলধনের পরিমাণ বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৬। বাংলাদেশে বিভিন্ন কোম্পানির শেয়ার ক্রয়-বিক্রয় প্রতিষ্ঠানটি কী নামে পরিচিত?
(ক) স্টক একচেঞ্জ (খ) সেকেন্ডারি বাজার (গ) কোম্পানির বাজার (ঘ) সিকিউরিটি একচেঞ্জ

৭। বিনিয়োগের হাতিয়ার হিসেবে সাধারণ শেয়ারের কয়টি স্বকিয়তা রয়েছে?
(ক) ২টি (খ) ৩টি (গ) ৪টি (ঘ) ৫টি

৮। মূলধন বাজেটিং পদ্ধতি প্রয়োগ করতে হয়-
i. নগদ প্রবাহ প্রাক্কলনের পর ii. ভবিষ্যত মূল্য নির্ধারনের পর iii. বাট্টা হার নির্ধারণের পর
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৯। মূলধন ব্যয় প্রয়োগের আওতা বিস্তৃত-
(ক) অর্থায়নের উৎস চিহ্নিতকরণ পর্যন্ত (খ) বিনিয়োগের উৎস নির্বাচন পর্যন্ত
(গ) মূলধন ব্যয়ের হার নির্ধারণ পর্যন্ত (ঘ) প্রকল্প মূল্যায়ন পর্যন্ত

১০। শেয়ার বাজারের সূচক কেমন?
(ক) স্থিতিশীল (খ) ধ্রুবক (গ) পরিবর্তনশীল (ঘ) অপরিবর্তনীয়

১১। একটি ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য নগদ আন্তঃপ্রবাহ হলো-
(ক) মোট ক্ষতি + অবচয় (খ) মোট ক্ষতি - অবচয় (গ) নিট মুনাফা - অবচয় (ঘ) নিট মুনাফা + অবচয়

নিচের উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও
নিরাময় কোম্পানি লিমিটেড এর মোট মূলধন ৫০ লক্ষ টাকা, যার ৭০% সাধারণ শেয়ার এবং বাকি অংশ ১০% অগ্রাধিকার শেয়ার। কোম্পানিটি চলতি বছরের প্রথমদিকে ১৮% লাভে একটি প্রকল্পে বিনিয়োগ সুবিধা পেয়ে মূলধন কাঠামো এমনভাবে পরিবর্তন করেন যার ফলে সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের মধ্যে বিপরীত সম্পর্ক সৃষ্টি হয়।

১২। বর্তমানে কোম্পানির অগ্রাধিকার শেয়ার মূলধন কত টাকা?
(ক) ৩৫ লক্ষ (খ) ১৫ লক্ষ (গ) ৩০ লক্ষ (ঘ) ৫ লক্ষ

১৩। মূলধন কাঠামো পরিবর্তনে কোম্পানিটি বিবেচনা করেছেন-
i. সুযোগ ব্যয় ii. সর্বনিম্ন মূলধনি ব্যয় iii. গড় মূলধনি ব্যয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৪। জিনিয়া 'আনমল' নামক একটি কোম্পানির শেয়ার এক বছর পূর্বে ক্রয় করেছিল। নগদ অর্থের প্রয়োজন হওয়ায় শেয়ার বিক্রয়ের জন্য তাকে যেতে হবে- i. প্রাথমিক বাজারে ii. মাধ্যমিক বাজারে iii. সেকেন্ডারি বাজারে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫। জনাব রহিম একটি ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের মালিক। মূলধন বাজেটিং এর মাধ্যমে তিনি নিচের কোন সিদ্ধান্তটি গ্রহণ করবেন?

(ক) ঔষধ উৎপাদনের জন্য মেশিন ক্রয় (খ) কর্মচারি নিয়োগ

(গ) ঔষধের জন্য কাঁচামাল ক্রয় (ঘ) ঔষধ বাজারজাতকরণ কৌশল নির্ধারণ

১৬। যমুনা অয়েল লিমিটেড ২০১৯ সালে শেয়ার প্রতি ২৫ টাকা লভ্যাংশ দিয়েছিল। যদি প্রতি বছর ১০% হারে বৃদ্ধি পেতে থাকে তাহলে ২০২৩ সালে কোম্পানিটি শেয়ার প্রতি কত টাকা লভ্যাংশ দিবে?

(ক) ৩০.২৫ টাকা (খ) ৩৬.৬০ টাকা (গ) ৩৩.২৮ টাকা (ঘ) ২৭.৫০ টাকা

১৭। কোনো প্রতিষ্ঠানে অগ্রাধিকার শেয়ার মালিকদের লভ্যাংশের প্রকৃতি কীরূপ?

(ক) অনির্দিষ্ট হারে নির্দিষ্ট সময়ের জন্য (খ) নির্দিষ্ট হারে অনির্দিষ্ট সময়ের জন্য

(গ) অনির্দিষ্ট হারে অনির্দিষ্ট সময়ের জন্য (ঘ) নির্দিষ্ট হারে নির্দিষ্ট সময়ের জন্য

১৮। একটি প্রকল্পের গড় বিনিয়োগ ১,০০,০০০ টাকা এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা হলে প্রকল্পটির প্রাথমিক বিনিয়োগ কত টাকা?

(ক) ২,০০,০০০ টাকা (খ) ২,২০,০০০ টাকা (গ) ১,৮০,০০০ টাকা (ঘ) ১,১০,০০০ টাকা

১৯। কোন খাতে বিনিয়োগের সুযোগ সবচেয়ে বেশি?

(ক) বন্ড (খ) ডিবেঞ্চার (গ) সাধারণ শেয়ার (ঘ) অগ্রাধিকার শেয়ার

২০। কোম্পানির অবন্টিত মুনাফা থেকে গঠিত হতে পারে-

(ক) বোনাস শেয়ার (খ) রাইট শেয়ার (গ) বিলম্বিত শেয়ার (ঘ) প্রবর্তকের শেয়ার

নিচের উদ্দীপকটি পড় এবং ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও

বিধান কোম্পানি লিমিটেড ২০১৯ সালে ৮৪,০০০ টাকা ব্যয়ে ব্যবসায়ের ব্যবহারের জন্য কিছু ফার্নিচার ক্রয় করেন। ফার্নিচারগুলোর আনুমানিক আয়ুস্কাল ধরা হয় ১৪ বছর। ফার্নিচারগুলোর ভগ্নাবশেষ মূল্য ৭,০০০ টাকা অনুমান করা হয়।

২১। ফার্নিচারগুলোর বার্ষিক অবচয় কত?

(ক) ৫০০ টাকা (খ) ৫,৫০০ টাকা (গ) ৬,০০০ টাকা (ঘ) ৬,৫০০ টাকা

২২। ২০১৯ সালে কোম্পানির গড় বিনিয়োগ কত?

(ক) ৮৪,০০০ টাকা (খ) ৯১,০০০ টাকা (গ) ৪৫,৫০০ টাকা (ঘ) ৪২,০০০ টাকা

২৩। নিচের কোনটির বৈশিষ্ট্য আলাদা?

(ক) পুঞ্জীভূত মুনাফা (খ) অবন্টিত মুনাফা (গ) সংরক্ষিত তহবিল (ঘ) শেয়ার মূলধন

২৪। একটি কোম্পানি ২০১৯ সালের শেষে তাদের অর্জিত মুনাফার উপর ১৬% লভ্যাংশ দিয়েছিল। ২০২০ সালের শেষে তারা ১৬% হারে লভ্যাংশ দিবে বলে আশা করছে। এখানে কোন ধরনের মূলধন ব্যয় প্রতিফলিত হয়েছে?

(ক) গাণিতিক হারে লভ্যাংশ বৃদ্ধি (খ) শূন্য লভ্যাংশ বৃদ্ধি (গ) বাট্টাকৃত হারে লভ্যাংশ বৃদ্ধি (ঘ) স্থির হারে লভ্যাংশ বৃদ্ধি

২৫। একটি প্রতিষ্ঠানের নগদ বহিঃপ্রবাহের অন্তর্ভূক্ত হলো-

i. গবেষণা কাজে ব্যয় ii. কম্পিউটার ক্রয় iii. কর্মচারির বেতন

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬। লাজ ফার্মা কোম্পানির ২,০০০ টাকা অভিহিত মূল্যের ১০% অগ্রাধিকার শেয়ার বাজারে বিক্রিয় করে এবং প্রতিটি শেয়ার থেকে ১,৬৪০ টাকা পাওয়ার প্রত্যাশা করে। কোম্পানির অগ্রাধিকার শেয়ার ব্যয় কত?

(ক) ১২.২০% (খ) ১৪.২০% (গ) ১৬.২০% (ঘ) ১৮.২০%

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাওঃ

উত্তরা ফাইন্যান্স কোম্পানি লিমিটেড এর ১০ টাকা মূল্যের ৭৫ লক্ষ শেয়ার আছে। কোম্পানি ২০১৯ সালে ৩ ঃ ১ অনুপাতে স্টক লভ্যাংশ ঘোষণা করে। জিদানের ঐ কোম্পানির ৭৫০ টি শেয়ার আছে।

২৭। । স্টক লভ্যাংশ পাবার পর জিদানের শেয়ার সংখ্যা কত হবে?

(ক) ৬৫০ (খ) ৮৫০ (গ) ৯৫০ (ঘ) ১০০০

২৮। স্টক লভ্যাংশ ঘোষণার পর উত্তরা ফাইন্যান্স কোম্পানি লিমিটেড এর শেয়ার সংখ্যা কত হবে?

(ক) ২৫ লক্ষ (খ) ৫০ লক্ষ (গ) ৭৫ লক্ষ (ঘ) ১ কোটি

২৯। গড় মূলধনি ব্যয় কোনটির সাথে জড়িত?

(ক) ঝুঁকি পরিমাপ (খ) সংরক্ষিত আয় (গ) তহবিলের উৎসের ব্যয় নির্ণয় (ঘ) সুযোগ ব্যয়

৩০। মূলধন বাজেটিং এর নগদ প্রবাহ প্রাক্কলন প্রক্রিয়ায় 'চলতি খরচ' বলতে বুঝায়-

(ক) পরিচালনা খরচ (খ) অফিস ভাড়া (গ) বিমা খরচ (ঘ) অবচয়

## সৃজনশীল অংশ (সময়: ৪৫ মিনিট এবং পূর্ণমান ২০)

১। ইনাম এবং আনাম দুই বন্ধু। দু'জনেই একটি বেসরকারি ফার্মে চাকরি করেন। দুই বন্ধু আলাপ আলোচনা করে তাদের কিছু সঞ্চিত অর্থ একই কোম্পানির ভিন্ন ভিন্ন ধরনের শেয়ারে বিনিয়োগ করেন। ২০১৯ সালে কোম্পানিটি ১২% নিট মুনাফা অর্জন করে যা তাদের কাঙ্খিত লক্ষ্যমাত্রার চেয়ে ২০% কম। বছর শেষে কোম্পানিটি আনামের দাবি মেটালেও ইনামকে কোনো লভ্যাংশ প্রদান করে নি।

(ক) নগদ প্রবাহ কী? ১

(খ) একটি ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য স্থায়ী সম্পত্তি ক্রয়ের ক্ষেত্রে লাভজনকতা যাচাইয়ের প্রক্রিয়াটি ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকে ইনাম কোন ধরনের শেয়ারে বিনিয়োগ করেছেন? ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকে আনামের দাবি মিটানোর যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২। সিনথেটিক কোম্পানি লি.-এর মূলধন কাঠামো নিম্নরূপ:

| উৎস | পরিমাণ (টাকা) |
|---|---|
| সাধারণ শেয়ার | ৪০,০০,০০০ |
| ১৫% অগ্রাধিকার শেয়ার | ৩৫,০০,০০০ |
| ১২% ঋণপত্র | ২৫,০০,০০০ |
| মোট মূলধন = | ১,০০,০০,০০০ |

কোম্পানির প্রতিটি অগ্রাধিকার শেয়ারের বাজারমূল্য ১৮০ টাকা। কোম্পানির সাধারণ শেয়ার ব্যয় ১৮% এবং করের হার ৩০%।

(ক) নগদ প্রবাহের সঠিক প্রাক্কলন কীসের উপর নির্ভর করে? ১

(খ) মূলধন বাজেটিং প্রক্রিয়ার ২য় ধাপটি কী? ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকের তথ্য অনুযায়ী কোম্পানির অগ্রাধিকার শেয়ার ব্যয় নির্ণয় কর। ৩

(ঘ) সিনথেটিক কোম্পানি লি.-এর গড় মূলধনি ব্যয় নির্ণয় কর। ৪